



## ফটো ফিচার

ভাষা দিবস ২১ ফেব্রুয়ারি। সমগ্র জাতি এ দিন ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করতে আসে। শহীদ মিনারে র‍্যাম্প না থাকায় প্রতিবন্ধী ব্যক্তিদের শ্রদ্ধাঞ্জলি নিবেদন করতে সমস্যা হয়। শহীদ মিনার সকল ধর্মের, বর্ণের, গোত্রের জন্য উন্মুক্ত। প্রশ্ন হচ্ছে মিনারের বেদীতে প্রতিবন্ধী ব্যক্তিদের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের ব্যবস্থা নেই কেন? শহীদ মিনার কি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নিষিদ্ধ? শুধু শহীদ মিনার কেন বাংলাদেশের প্রায় সব সরকারি, বেসরকারি ভবনেরই একই অবস্থা। নগর ভবন, রাজউক, মসজিদ, ইউএন অফিস, সচিবালয়, সুপার মার্কেট, হাসপাতাল, পাবলিক টয়লেট কোথাও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রবেশের ব্যবস্থা নেই। এসব জায়গায় কোথাও র‍্যাম্প সংযোজন হয়নি। প্রতিবন্ধী ব্যক্তির দীর্ঘদিন ধরে সরকারি খরচে র‍্যাম্প সংযোজনের দাবি জানিয়ে আসছে। র‍্যাম্প সংযোজন কবে হবে এসব জায়গায়?

## প্রতিবন্ধী ব্যক্তিদের প্রবেশ কি নিষিদ্ধ



ছবিগুলো ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, পাবলিক লাইব্রেরী ও সুপার মার্কেটের।



বহির্বিশ্বে বিমানবন্দরসহ সকল পাবলিক সেক্টরে প্রতিবন্ধীদের জন্য পৃথক সুব্যবস্থা আছে। তাদের জন্য পৃথক টয়লেট র‍্যাম্প কাউন্টার, রাস্তা পারাপারের সুবিধাসহ সকল ধরনের ব্যবস্থা রাষ্ট্র নিজ দায়িত্বে করেছে। ইংল্যান্ডে নতুন আইন হয়েছে ২০০৪ সালের মধ্যে সকল বিল্ডিংয়ে র‍্যাম্প সংযোজন করতে হবে। এটা কেউ অমান্য করলে সেটা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে। এজন্য প্রয়োজন শুধু পরিকল্পনার। বাংলাদেশ সরকার এই পরিকল্পনা কবে নেবে?



সাপ্তাহিক ২০০০-এডিডি বাংলাদেশের যৌথ উদ্যোগ